গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল:section7@lawjusticediv.gov.bd

নম্বর : নথি ১০.০০.০০০০.১৩১.১১.০১৫.২০১২-

তারিখ : ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

**বিষয়ঃ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ২১ নং বাবুটিপাড়া (সাবেক দক্ষিণ পাহাড়পুর) ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির কর্তৃক প্রেরিত গত ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখের পুনঃতদন্তের আবেদন না-মঞ্জুর এবং তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির এর বিরুদ্ধে আনীত লাইসেন্স গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট অধিক্ষেত্রের বাসিন্দা না হওয়ার অভিযোগসহ দালিলিক সাক্ষ্য দ্বারা স্বীকৃতমতে বয়স সম্পর্কিত যোগ্যতা না থাকা সত্ত্বেও তথ্যের মিথ্যা বর্ণনা দিয়ে লাইসেন্স সংগ্রহ করায় এবং কনে সানজিদা আক্তার ও মোসাঃ কামরুন নাহার-দ্বয়ের বিবাহ দুটি নিবন্ধনের ক্ষেত্রে অভিভাবক কর্তৃক সরবরাহকৃত জন্ম নিবন্ধন সনদ দুটির সঠিকতা সরকারি অনলাইন ডাটাবেজে যাচাইপূর্বক পরীক্ষা না করে ও তাঁদের বিবাহের আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত না হয়ে যান্ত্রিকভাবে বাল্যবিবাহ নিবন্ধন করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর যথাক্রমে বিধি ৮ (গ) ও (খ) এবং বিধি ২৩ক(১) এর লঙ্ঘন তথা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তাঁর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ০৭/১০/১৯৯৮ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৭২/৭৭ - ৫৮৬ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

এছাড়াও নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহিরের গত ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখের পুনঃতদন্তের আবেদন মঞ্জুর করার মতো গ্রহণযোগ্য কোন কারণ না থাকায় এবং জেলা রেজিস্ট্রার, কুমিল্লা এর তদন্ত প্রতিবেদনে আইনগত কোন ত্রুটি-বিচ্যুতি না থাকায় পুনঃতদন্তের আবেদনটি না-মঞ্জুর করা হলো। বিষয়টি রিট পিটিশন নং- ৭৮৫০/২০২৬ মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট বেঞ্চকে অবহিত করার জন্য সলিসিটর অনুবিভাগে পত্র প্রেরণ করা হলো।

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক
জেলা রেজিস্ট্রার,
কুমিল্লা।

নম্বর : নথি ১০.০০.০০০০.১৩১.১১.০১৫.২০১২- ১১৬(৭০)

তারিখ : ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, মুরাদনগর, কুমিল্লা।
১০. অফিসার ইনচার্জ, মুরাদনগর, কুমিল্লা।
১১. চেয়ারম্যান, ২১ নং বাবুটিপাড়া (সাবেক দক্ষিণ পাহাড়পুর) ইউনিয়ন পরিষদ, মুরাদনগর, কুমিল্লা।
১২. জনাব মাওঃ মোহাম্মদ আব্দুজ জাহির, পিতা-মৃত মোহাম্মদ আবদুছ ছমদ, সাং-কালাপাইলা (মোহাম্মদপুর), ডাকঘর-সোনাকান্দা, উপজেলা-মুরাদনগর, জেলা- কুমিল্লা।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

২৮/০৭/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব